শৈলকুপায় উপজেলায় ১২ দিনে ৪ খুন

ঝিনাইদহ জেলা শৈলকুপা উপজেলায় ২৯ এপ্রিল থেকে ১১ মে গত ১২ দিনে ৪ টি হত্যাকান্ডের ঘটনা ঘটেছে এর মধ্যে ২ জনই ছাত্র। এসময় প্রতিপক্ষের হামলা, পাল্টা হামলায় আহত হয়েছে আরো শতাধিক।

২৯ এপ্রিল ত্রিবেণী ইউনিয়েনের শেখপায়া গ্রামে জমি জমা সংক্রান্ত ঘটনার জের ধরে প্রতিপক্ষ কুপিয়ে হত্যা করে রবিন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ছাত্র আরাফাত বিশ্বাসকে, ৩ মে হাকিমপুর ইউনিয়নের সুবিদ্দাহ-গোবিন্দপুর গ্রামে প্রতিপক্ষ পিটিয়ে হত্যাকরে মুদি দোকানী জোয়াদ আলীকে।

১১ মে সকালে প্রতিপক্ষের অতর্কিত হামলায় লাল্টু ও অভি নামের ২ যুবক নিহত হয়েছে কাঁচেরকোল ইউনিয়নের ধুলিয়াপাড়া গ্রামে। এর মধ্যে লাল্টু মুদিদোকানী ও অভি ছাত্র। আহতদের মধ্যে আরো দুজন নিহত হওয়ার সম্ভাবনা রয়েছে। বিশ্বব্যাপী করোনা ভাইরাস আতঙ্কে মানুষ ঘরবন্দি, অফিস আদালত, কলকারখানা বন্ধ। এর প্রভাব শৈলকুপাতে নেই বললেই চলে।

প্রতিটি গ্রামেই আধিপত্য বিস্তার, ত্রান দেওয়া নেওয়া, সামাজিক দ্বন্দ্ব নানান ঘটনায় প্রতিদিন কোনো না কোনো কাইজা, মারামারি, দাঙ্গা হাঙ্গামা লেগেই আছে। এ ঘটনাগুলো তাৎক্ষণিক কোনো ঘটনা নয়। দীর্ঘদিন ধরে জিইয়ে রাখা ঘটনাগুলোর প্রতিফলন। বিএনপি বা অন্যান্য রাজনৈতিক দলের সমর্থকেরা সামাজিকভাবে আওয়ামীলীগ এর দুটি ধারার সাথে মিশে আছে। তাই এখানে যে দাঙ্গা- হাঙ্গামাগুলো হচ্ছে তা এই দুই ধারার মধ্যে।

ধুলিয়াপাড়া গ্রামে দুটি খুন হয়েছে। দুটিই এক পক্ষের। গত রবিবার রাতে অপর পক্ষের আবেদ আলী খান নামের একজন বৃদ্ধকে পিটিয়ে আহত করা হয়েছে। এ গ্রামটিতে কয়েক বছর ধরে দাঙ্গা-হাঙ্গামা লেগে ছিল। এবার হয়তো এর অবসান হবে। তবে আরো একাধিক খুনের ঘটনা ঘটতে পারে।

কোটচাঁদপুরে করোনাকে জয় করে ঘরে ফিরলেন যুবক

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের পাঁচলিয়া গ্রামের বাসিন্দা মেহেদী হাসান (২২) করোনা যুদ্ধে জয়ী হয়ে ঘরে ফিরলেন। এদিকে উপজেলায় প্রথম করোনা আক্রান্ত রোগী সুস্থ্য হওয়ার খবরে এলাকার মানুষের মাঝে স্বস্তি ফিরে এসেছে।

সোমবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে মেহেদী হাসানকে আনুষ্ঠানিক ভাবে বিদায় জানানো হয়। এসময় ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান জেলা সিভিল সার্জন ডা. সেলিনা বেগম ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুর রশিদ।

মেহেদী হাসান গত ২৫ এপ্রিল থেকে দীর্ঘ ১৭দিন করোনার সঙ্গে যুদ্ধ করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিশেষ আইসোলেশন ওয়ার্ডে চিকিৎসাধীন ছিলেন।

করোনার সঙ্গে যুদ্ধ করে সুস্থ্য হয়ে উঠা মেহেদী হাসানকে বিদায় মূহুর্তে সিভিল সার্জন ডা. সেলিনা বেগম বলেন, আপাতত বাড়িতে গিয়ে কারো সংস্পর্শে আসবে না। সেইসাথে স্বাস্থ্যবিধি মেনে হোম কোয়ারেন্টাইনে থাকার পরামর্শ দেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুর রশিদ বলেন, মেহেদী হাসান আক্রান্ত হয়ে আইসোলেশনের সময় নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিনোম সেন্টারে পাঠানো হলে করোনা পরিক্ষার ফল নেগেটিভ আসে। বর্তমানে সে করোনাকে জয় করে পুরাপুরি সুস্থ্য হয়েছেন। ছাড়পত্র দিয়ে আনুষ্ঠানিকভাবে তাকে বিদায় দেওয়া হচ্ছে।

এসময় স্বাস্থ্য কমপ্লেক্সের পক্ষ থেকে করোনা বিজয়ী মেহেদী হাসানকে বিভিন্ন প্রকার ফল সামগ্রী দেওয়া হয়। এবং পুষ্টিকর খাবার খেতে পরামর্শ দেওয়া হয়। করোনা যুদ্ধে চিকিৎসক-নার্স, স্বাস্থ্যকর্মী সহ সবাইকে ধন্যবাদ জানান, ডা. আব্দুর রশিদ ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খান, হাসপাতালের চিকিৎসক-নার্স, কর্মকর্তা-কর্মচারী সহ আরো অনেকে।

শৈলকুপায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র দু-দল গ্রামবাসির সংঘর্ষ, নিহত ২

ঝিনাইদহের শৈলকুপায় আধিপত্য বিস্তার নিয়ে দুই দল গ্রামবাসির মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় দেশীয় অস্ত্রের আঘাতে দুই ব্যক্তি নিহত ও একজন আহত হয় বলে জানা যায়।

ঘটনাটি সোমবার দুপুর ১২টার দিকে উপজেলার ৫নং কাচেরকোল ইউনিয়নরে ধুলিয়াপড়িা গ্রামে। সংঘর্ষে আহত ৩ ব্যক্তিকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে চিকিৎসক ১টার দিকে লাল্টু মন্ডল (৩৮) এবং অভি উদ্দিন(২৬) কে মৃত বলে ঘোষনা করেন। নিহত লাল্টু ধুলিয়াপাড়া গ্রামের মনজের মন্ডল ও অভি লোকমান হোসেনের ছেলে।

এলাকাবাসি ও পুলিশ সূত্রে জানা যায় দীর্ঘদিন যাবত উপজেলার ধুলিয়াপাড়া গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে আব্দুল কুদ্দুস খাঁ ও মকবুল মৌরীর মধ্যে বিরোধ চলে আসছে। রবিবার সকালে আব্দুল কুদ্দুস খাঁর সমর্থক আবেদ আলীকে হাতুড়ী পেটা করে গুরুতর জখম করে মকবুল সমর্থকরা। এ নিয়ে গ্রামটিতে উত্তেজনা ছড়িয়ে পরে।

এ ঘটনাকে কেন্দ্র করে সোমবার দুপুরে উভয় গ্রুপের কর্মী সমর্থকরা দেশীয় অস্ত্র নিয়ে একে অপরের উপর হামলা চালায়। এ হামলায় মকবুল সমর্থক লাল্টু মন্ডল, অভি উদ্দিন ও লোকমান হোসেন গুরুতর আহত হলে তাদের শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেসকে নিয়ে আসে স্বজনরা। আহত তিনজনের মধ্যে লাল্টু মন্ডল ও অভি উদ্দিনকে মৃত বলে ঘোষনা করেন কর্তব্যরত চিকিৎসক।

গুরুতর আহত লোকমান হোসেনকে ঝিনাইদহ সদর হাসাপাতালে নেওয়া হয় বলে চিকিৎসক জানান। এরপর খবর পেয়ে পুলিশ ঘটনা স্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে নিয়ে আসে। এছাড়া পুলিশ সুপার হাসানুজ্জামান ঘটনাস্থল পরিদর্শন করেছেন বলে জানা যায়।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বজলুর রহমান জানান

ধুলিয়াপাড়া গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে দুই ব্যক্তি নিহত হয়েছে।

কোটচাঁদপুরে প্রশাসনের ত্রাণ তহবিলে ‘আশা’র খাদ্য সহায়তা প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের ত্রাণ তহবিলে বে-সরকারি প্রতিষ্ঠান ‘আশা’ এনজিও’র পক্ষ থেকে দেশের করোনা পরিস্থিতিতে কর্মহীন, দরিদ্র, অসহায় নিম্ন আয়ের খেটে খাওয়া, শ্রমজীবী মানুষের জন্য খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

আশা’র নিজস্ব অর্থায়নে রবিবার সকালে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সহকারি (সিএ) ইন্দ্রজিদ সাহার নিকট আনুষ্ঠানিকভাবে নিত্য প্রয়োজনীয় চাল,ডাল, তৈল, লবন, আলু, হস্তান্তর করা হয়।

আশা’র এ্যাডিশনাল ডিভিশনাল ম্যানেজার (এ্যাড.ডিভি.এম) মো. ওমর ফারুক জানান, বে-সরকারি প্রতিষ্ঠান ‘আশা’ এনজিও সব সময দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক উন্নয়নে কাজ করে থাকে। বর্তমানে করোনা পরিস্থিতির সংক্রমণ রোধে সরকার সবাইকে ঘর থেকে বাহির না হওয়ার নির্দেশ প্রদান করেছেন। ফলে কর্মহীন, দরিদ্র, অসহায় খেটে খাওয়া দিনমজুর ও শ্রমজীবীরা মানবেতর জীবন-যাপন করছে।

সেই সব দরিদ্র জনগোষ্ঠীর কথা ভেবে বে-সরকারি প্রতিষ্ঠান আশা’র নিজ অর্থায়নে সারাদেশে ১২ কোটি টাকা খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। তারই ধারাবাহিকতায় ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে ৫’শ, কালিগঞ্জ উপজেলা প্রশাসন কার্যালয়ে ২’শ ও কোটচাঁদপুর উপজেলা প্রশাসন কার্যালয়ে ২’শ প্যাকেট খাদ্য সামগ্রী প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন, ডিসট্রিক্ট ম্যানেজার (ডিএম) মো. রহমত উল্লাহ, কোটচাঁদপুর ব্রাঞ্চের রিজিওনাল ম্যানেজার (আরএম)

শাহাজান আলী, কালিগঞ্জ ব্রাঞ্চের রিজিওনাল ম্যানেজার (আরএম) নাসির উদ্দীন, মহেশপুর ব্রাঞ্চের রিজিওনাল ম্যানেজার (আরএম) শফিকুর রহমান, রিজিওনাল ম্যানেজার (আরএম) মো. আকরাম হোসেন, কোটচাঁদপুর ব্রাঞ্চ ম্যানেজার সেলিম রেজা প্রমুখ।

ঝিনাইদহ সড়ক দুর্ঘটনা ইউপি সদস্য নিহত

ঝিনাইদহের মহেশপুরে ট্রাকের চাপায় লুৎফর রহমান (৫৫) নামে এক ইউপি সদস্য নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও একজন।

রোববার (১০ মে) সকালে এ দুর্ঘটনা ঘটে। লুৎফর রহমান ওই উপজেলার আলমপুর গ্রামের নিয়ত আলীর ছেলে ও আজমপুর ইউনিয়নের সদস্য ছিলেন।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোরশেদ হোসেন খান জানান, লুৎফর রহমান ও আব্দুল কুদ্দুস মোটরসাইকেলে করে মহেশপুর শহর থেকে খালিশপুরের দিকে যাচ্ছিলেন। পথে ভালাইপুরে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাদের বহনকারী মোটরসাইকেলকে চাপা দেয়।এতে ঘটনাস্থলেই লুৎফর রহমান মারা যান।

এ সময় আহত হন আবদুল কুদ্দুস। পরে তাকে উদ্ধার করে মহেশপুরে হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় ট্রাকটি আটক করলেও চালক ও হেলপার পালিয়ে যায়।

কোটচাঁদপুরে নারায়নগঞ্জ ফেরত

২ জন করোনা রোগী শনাক্ত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নতুন করে আরও ২ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। আ শনিবার সকালে ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমের বরাদ দিয়ে বিষয়টি নিশ্চিত করেছেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

তিনি জানান, উপজেলার জগদেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকা সম্প্রতি নারায়নগঞ্জ থেকে আসা মোট ৭ জনের নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিনোম সেন্টারে পাঠানো হয়েছিল।

এর মধ্যে আজ শনিবার সকালে উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগদেশপুর গ্রামের ৫০ ও ১৮ বছর বয়স্ক দুইজন পুরুষের শরীরে করোনা পজেটিভের রিপোর্ট পায়।

ডাঃ রশিদ জানান, বর্তমানে আক্রান্ত রোগীরা জগদেশপুর গ্রামে প্রাতিষ্ঠানিক আইসোলেশনে চিকিৎসাধীন আছেন। সেই সাথে নেগেটিভ রিপোর্ট আসা ব্যক্তিদেরকে আক্রান্তদের থেকে সরিয়ে হোম কোয়ারেন্টাইনে রাখা হচ্ছে। এপর্যন্ত উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের ২ জন চিকিৎসক ও ১ নার্স সহ ৮ জন করোনায় আক্রান্ত হলেন।

কোটচাঁদপুরে করোনা প্রতিরোধে নির্বাহী ম্যাজিস্ট্রেটের জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনাভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশ অমান্য করায় ৪ ব্যবসায়ীকে জরিমানা করেছে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজনীন সুলতানা।

সোমবার (৬এপ্রিল) সকালে পৌর শহরের মেইন বাজারে ৪টি ব্যবসা

প্রতিষ্ঠানে সেনা সদস্যদের উপস্থিতিতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

বিষয়টি নিশ্চিত করে তিনি জানান, করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে জনসমাগমের দুরুত্ব বজায় রাখতে ৪ ব্যবসায়ীকে জরিমানা করা হয়। সেই সাথে জনসাধারণকে বিনা প্রয়োজনে বাড়ি থেকে বের না হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যহত থাকবে বলে জানান তিনি।

ঝিনাইদহে সাবেক এমপি-গাইনী বিভাগের চিকিৎসকসহ আরও ৭ করোনা রোগী শনাক্ত

ঝিনাইদহে সাবেক সংসদ সদস্য ও তিন চিকিৎসকসহ করোনাভাইরাসে আক্রান্ত আরও সাত জনকে শনাক্ত করা হয়েছে। এ নিয়ে জেলায় ২৮ জনকে শনাক্ত করা হয়েছে।

মঙ্গলবার ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, সোমবার সকালে ৩৫টি নমুনার ফলাফল এসেছে। এর মধ্যে সাত জনের করোনা পজিটিভ এসেছে। তাদের মধ্যে ঝিনাইদহ সদরের দুই চিকিৎসকে মধ্যে গাইনী বিভাগের একজন, সাবেক সংসদ সদস্য ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি, কালীগঞ্জের একটি হাসপাতালের নার্স, শৈলকুপায় দুই নারী ও কোটচাঁদপুরে এক চিকিৎসক রয়েছেন।

তিনি আরও জানান, এখন পর্যন্ত জেলা থেকে পাঠানো নমুনার মধ্যে ২৮০টির ফলাফল পাওয়া গেছে। যার মধ্যে ২৮ জনের করোনা পজিটিভ এসেছে। তাদের মধ্যে চিকিৎসকসহ স্বাস্থ্য বিভাগের ১৭ জন রয়েছেন।

উল্লেখ্য, জেলায় এখন পর্যন্ত ২৮ জনকে শনাক্ত করা হয়েছে। এদের

মধ্যে ঝিনাইদহ সদরে ছয়, শৈলকুপায় নয়, কালীগঞ্জে আট, কোটচাঁদপুরে তিন, মহেশপুরে এক ও হরিনাকুতে একজন।

ঝিনাইদহের পুলিশ সুপার ডিএসবি দিয়ে ত্রাণ বঞ্চিত মানুষদের খুজে ত্রাণ দিচ্ছেন

ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম সোমবার সকালে ত্রাণ বঞ্চিত দুই শতাধিক প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী, হতদরিদ্র, শ্রমিক ও নিম্নআয়ের মানুষদের খুঁজে বের করে তাদেরকে খাদ্য সহায়তা দিলেন আলহেরা ইসলামী ইনস্টিটিউট প্রাঙ্গণ।

এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান ও ট্রাফিক ইনেন্সপেক্টার সালাউদ্দীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বিভিন্ন স্থানে এখনো যে সমস্ত হতদরিদ্র, শ্রমিক, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী, বিধবা, দিনমজুর, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী ও নিম্নআয়ের মানুষ যারা ত্রাণসামগ্রী পাননি তাদেরকে গোয়েন্দা পুলিশের মাধ্যমে খোঁজ করে খাদ্যসামগ্রী দিচ্ছেন ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম।

খাদ্যসামগ্রীর মধ্যে আছে চাল, ডাল, আলু, তেল, লবন।

এছাড়া তার সকল পুলিশ বাহিনীর সুরক্ষার জন্য দিচ্ছেন মাস্ক, সাবান, হ্যান্ডসেনিটাইজার ।

পুলিশ সুপারের এই ব্যতিক্রমধর্মী উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন অনেকেই ।

দামুড়হুদায় বালু ব্যবসায়ীর জরিমানা

দামুড়হুদা গোবিদহুদা গ্রামের মাঠে বালু কেটে রাস্তা ও কৃষি জমির ক্ষতি করার অপরাধে ভ্রাম্যমাণ আদালত বালু ব্যবসায়ী গিয়াস উদ্দিন কে অর্থদন্ড দিয়েছে। ভ্রাম্যমাণ আদালতে অর্থদন্ডপ্রাপ্ত গিয়াস উদ্দিন দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামের মৃত নুরুল হকের ছেলে।

গত বৃহস্পতিবার বেলা ১২টার সময় উপজেলার গোবিদহুদা মাঠে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

আদালত সূত্রে জানা যায়, দামুড়হুদা উপজেলার গোবিদহুদা গ্রামের মাঠের রাস্তা ও কৃষি জমির ক্ষতি করে অবৈধ ভাবে বালি উত্তোলনের অপরাধে বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ সাল এর ৪(খ) ধারায় অভিযুক্ত গিয়াস উদ্দিন কে ৮০হাজার টাকা অর্থদন্ড দেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম মুনিম লিংকন।

আদালত পরিচালনায় সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসার সার্টিফিকেট সহকারী জিহন আলি, দামুড়হুদা মডেল থানার এ এস আই হারুন প্রমূখ। অভিযুক্ত গিয়াস উদ্দিন তার অর্থদন্ডের অর্থ নগদে পরিশোধ করে মুক্তি পায়।